

## কর্মপত্র

### গুরুত্বপূর্ণ লাইন -

- ‘এ দেশের প্রকৃতি নানা রূপে প্রতিফলন ঘটেছে ।’

ব্যাখ্যাঃ ঋতু পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রকৃতির রূপ বদলায় যাতে প্রতিফলিত হয় নানান রং ।

বিভিন্ন ঋতুতে আমাদের চারপাশে পরিবেশের রূপ ও রং বদলে যায় । চারপাশের গাছ-লতাপাতা, ফুল, মাঠ, নদী, পাহাড় সবকিছুর রূপ ও রং আছে । বাংলাদেশের ছয়টি ঋতুতে বাংলার প্রকৃতি ভিন্ন ভিন্ন রূপ ধারণ করে । মাঠে-ঘাটে, কালো, সাদা, হলুদ, গেরুয়া, লাল বিচিত্র সব রঙের দেখা পাওয়া যায় । ঋতুভেদে মানুষের পোষাকের রঙও থাকে ভিন্নতা । তাই বলা যায় যে, এ দেশের প্রতিটি ঋতুতে নানা রঙের প্রতিফলন ঘটে ।

- ‘সাদা ও কালো রং ছবি আঁকার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ।’

ব্যাখ্যাঃ সাদা ও কালো রং ছবি আঁকার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ । কারণ মৌলিক রং মিশিয়ে এই দুটি রং পাওয়া যায় না ।

ছবি আঁকার জন্য নানা প্রকারের রং রয়েছে । হলুদ, নীল ও লাল এই তিনটি আসল রং । এই তিন রং মিশিয়ে অনেক রং পাওয়া যায় । তবে ছবি আঁকার ক্ষেত্রে সাদা ও কালো রং অন্যতম । মৌলিক রং মিলিয়ে মিশিয়ে এ দুটি রং পাওয়া যায় না । তাই এ রং দুটি খুব গুরুত্বপূর্ণ ।

## মূল্যায়ন

### জ্ঞানমূলক প্রশ্নঃ

- ১) হলুদ ও লাল রং মেশালে কোন্ রং পাওয়া যায় ?
- ২) কোন্ ঋতুতে সাদা ও স্বচ্ছ নীলের ছড়াছড়ি থাকে ?
- ৩) মৌলিক রং কাকে বলে ?
- ৪) রঙের ঋতু বলা হয় কোন্ ঋতুকে ?
- ৫) মৌলিক রং কয়টি ?
- ৬) দ্বিতীয় পর্যায়ের রং গুলোর নাম লিখ ।
- ৭) কোন্ ঋতুতে মানুষের পোষাকের রঙের বৈচিত্র্য আসে ?
- ৮) বৈশাখ ও জ্যৈষ্ঠ এই দুই মাসকে কোন্ কাল বা ঋতু বলা হয় ?
- ৯) হলুদ ও লাল রং মেশালে কোন্ রং পাওয়া যায় ?
- ১০) 'গুলিবিদ্ধ ৭১' বইটির লেখক কে ?

### সৃজনশীলঃ

❖ বাতাসে শিউলি ফুলের সুবাস ছড়িয়ে আসে শরৎ । ভাদ্র-আশ্বিন দুই মাস শরৎ কাল । এই সময় বর্ষার কালো মেঘ সাদা হয়ে স্বচ্ছ নীল আকাশে তুলোর মতো ভেসে বেড়ায় । নদীর তীরে তীরে বসে সাদা কাশফুলের মেলা । বিকেল বেলা মালা গেঁথে উড়ে চলে সাদা বকের সারি । সবুজ চেউয়ের দোলায় দুলে ওঠে ধানের খেত । রাতের আকাশে জ্বলজ্বল করে অজস্র তারার মেলা । শাপলার হাসিতে বিলের জল ঝলমল ঝলমল করে ।

ক) 'ষড়' শব্দের অর্থ কী ?

খ) বাংলাদেশের শিশুদের আঁকা ছবি খুব সহজেই চেনা যায় কেন ?

গ) উদ্দীপকের সঙ্গে ‘ছবির রং’ প্রবন্ধে কোন বিষয়ে সাদৃশ্য রয়েছে ? আলোচনা কর ।

ঘ) “উদ্দীপকের ভাবার্থে ছবির রং’ প্রবন্ধে আলোচিত আমাদের প্রকৃতির রূপই যেন প্রতিফলিত হয়েছে ।” - উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর ।

ধন্যবাদান্তে,

ইসরাত জাহান  
সহকারী শিক্ষক, বাংলা  
কসমো স্কুল ।

ই-মেইল - [isratjahan11335@gmail.com](mailto:isratjahan11335@gmail.com) (Boys)

মৌলি শাহরিন

ই-মেইল - [sultanasharin@gmail.com](mailto:sultanasharin@gmail.com) (Girls)